

আর্থিক অনুদান

■ ছাত্রছাত্রীদের উৎসাহ দেওয়া থেকে স্কুলের উন্নয়নে ব্যক্তিগত ভাবে আর্থিক সহায়তা নিয়ে এগিয়ে এলেন সমাজসেবী যমুনা রায়। দীনবন্ধু মিত্রের জন্মদিন উপলক্ষ্যে ১০ এপ্রিল একটি অনুষ্ঠানের মাধ্যমে স্কুল কর্তৃপক্ষের হাতে এই অনুদান তুলে দিয়েছেন তিনি। গোপালনগর চৌবেরিয়া গ্রামে পাশাপাশি দু'টি স্কুল। একটি চৌবেরিয়া অমলদাসুন্দরী মিত্র গার্লস স্কুল। অন্যটি চৌবেরিয়া দীনবন্ধু বিদ্যালয়। দুটি স্কুলকেই দু'লক্ষ টাকা করে মোট চার লক্ষ টাকা অনুদান দিলেন যমুনা রায়।

প্রশিক্ষণ কেন্দ্র



সুন্দরবনের প্রত্যন্ত এলাকার স্বনির্ভর গোষ্ঠীর মেয়েদের বিনা খরচে কম্পিউটার প্রশিক্ষণের কাজ শুরু করল সন্দেশখালি মা সারদা ওমেন অ্যান্ড রুরাল ওয়েলফেয়ার সোসাইটি। স্বনির্ভর গোষ্ঠীর মেয়েরা যাতে কম্পিউটারের কাজ শিখে নিজের পায়ে দাঁড়াতে পারে সে জন্যই এই উদ্যোগ বলে দাবি উদ্যেক্তাদের। ইতিমধ্যে চল্লিশ জন মহিলাকে নিয়ে একটি ব্যাচ ট্রেনিং শেষ করেছে। তাঁদের অনেকেই কাজ শুরু করেছেন। আরও চল্লিশ জনকে নিয়ে দ্বিতীয় ব্যাচের প্রশিক্ষণ শুরু হয়েছে।

রক্তদান শিবির



তীব্র দাবদাহে রক্তের আকাল মেটাতে রক্তদান শিবিরের আয়োজন করল কাশীপুর ইয়ুথ অ্যাসোসিয়েশন। বৃহস্পতিবার রুাব প্রাঙ্গনে এই রক্তদান শিবিরের আয়োজন করা হয়। স্থানীয়রা ছাড়াও কাশীপুর ধানার সিডিক ভলান্টিয়াররাও এই শিবিরে রক্তদান করেন।